দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JAN 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

164

# কলেজ শিক্ষক হত্যার প্রতিবাদে ২০শে জানুয়ারী শিক্ষকদের কর্মবিরতি

সুনামগঞ্জ সরকারী কলেজের শিক্ষক মিঃ জয়ন্ত কুমার দে'র হত্যাকাণ্ডের প্রতিবাদে আগামী ২০শে জানুয়ারী সারাদেশে সরকারী কলেজ শিক্ষকগণ পরীক্ষা বর্জনসহ পূর্ণ কর্মবিরতি পালন করিবেন। গত শুক্রবার ঢাকার বিসিএস সাধারণ শিক্ষক সমিতির

( ৯ম পৃঃ দ্রঃ )

## কলেজ শিক্ষক হত্যার

(৩য় পৃঃ পর)

জরুরী সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ডঃ কিউ, এ, টি, এম হাবিবুর রহমান।

উল্লেখ্য, পরীক্ষায় নকল করিতে না দেয়ায় গত ১১ই জানুয়ারী একজন পরীক্ষার্থীর ছুরিকাঘাতে উক্ত কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক জয়ন্ত কুমার দে নিহত হন।

এদিকে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির অপর গ্রুপের সভানেত্রী গুলশান আরা ও মহাসচিব সিদ্দিকুর রহমান গত শুক্রবার এক যুক্ত বিবৃতিতে ঘটনার সহিত জড়িত ছাত্রের দৃষ্টান্তমূলক শাস্তিদানের দাবী জানাইয়াছেন।

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের শোক প্রকাশ

গত ৯ই জানুয়ারী সুনামগঞ্জ ডিগ্রী কলেজ কেন্দ্রের পরীক্ষা কক্ষে নকল প্রতিরোধ করার কারণে জনৈক বিএসসি পরীক্ষার্থীর ছুরিকাঘাতে কলেজের পদার্থবিদ্যা বিভাগের প্রবীণ অধ্যাপক শ্রী জয়ন্ত কুমার দে নিহত হওয়ার ঘটনায় জাতীয় বিশ্ববিদ্যালয় নিন্দা ও শোক প্রকাশ করিয়াছে। —প্রেস বিজ্ঞপ্তি

___ OF ___ SHEETS